দৈনিক ইত্তেফাক

NOV. 20

তারিখ ...
পৃষ্ঠা ১৬ কলাম ৩

# বিশ্ববিদ্যালয়ের ভিসি ও প্রো-ভিসি নিয়োগ নিয়ে শিক্ষকদের গ্রুপিং-লবিং তুঙ্গে

ইত্তেফাক রিপোর্ট ॥ দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভিসি ও প্রো-ভিসি নিয়োগ নিয়ে শিক্ষকদের মধ্যে গ্রুপিং-লবিং এখন তুঙ্গে। বিএনপির নেতৃত্বাধীন চার দলীয় জোট সরকার ক্ষমতাগ্রহণের পর গত ১২ই নভেম্বর বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সাত জন নতুন ভিসি প্রো ভিসি নিয়োগ করে। এ প্রক্রিয়ায় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে আরো অন্তত দশটি ভিসি ও প্রোভিসি পদে রদবদল করা হবে। এ উদ্দেশ্যে তালিকা চূড়ান্ত করা হলেও বিএনপি ও জামায়াতপন্থী বিশ্ববিদ্যালয় শিক্ষকদের গ্রুপিং-লবিং-এর কারণে সিদ্ধান্ত গ্রহণ করা যাচ্ছে না বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। শিক্ষকরা দিনরাত দলে দলে বিভিন্ন মহলে ঘুরে নিয়োগ পাবার জন্য দেন-দরবার চালাচ্ছেন। কেউ কেউ প্রথম দফায় নিয়োগপ্রাপ্ত সাতজন ভিসি, প্রোভিসি সম্পর্কেও আপত্তি জানাচ্ছেন।

গত সপ্তাহে শিক্ষা মন্ত্রণালয় আরো সাতটি বিশ্ববিদ্যালয়ে ভিসি, প্রোভিসি নিয়োগের প্রস্তাব সরকারের উচ্চপর্যায়ে পেশ করে। ঐ তালিকা জানাজানি হয়ে গেলে অনুমোদন পিছিয়ে পড়ে। পরে তালিকাটি সংশোধন করা হলেও তাতেও আপত্তি ওঠে। শিক্ষা মন্ত্রণালয়ের পাঠানো তালিকা ঢাকা

(১৫শ পৃষ্ঠায় ৬-এর কঃ দ্রঃ)

## বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রোভিসি

(শেষ পৃষ্ঠার পর)

বিশ্ববিদ্যালয়ের আরেকটি প্রোভিসি পদে পদার্থ বিজ্ঞানের শিক্ষক অধ্যাপক এএফএম ইউসফ হায়দার, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি পদে প্রফেসর দিলারা চৌধুরী, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি পদে প্রফেসর শাহাদাৎ হোসেন মন্ডল, ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসি পদে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞানের অধ্যাপক কামরুল আহসান চৌধুরী, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভিসি পদে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের ডঃ এরশাদুল বারী, বঙ্গবন্ধু কৃষি বিশ্ববিদ্যালয়ের (সাবেক ইপসা) ভিসি পদে প্রফেসর আজিজুল হক এবং শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের (ঢাকার সাবেক কৃষি ইনস্টিটিউট) ভিসি পদে ডঃ লুৎফর রহমানের নাম প্রস্তাব করা হয়েছে।